



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি

তারিখ: ০১-০৯-২০১৯ ইং

স্মারক সংখ্যা-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/৩৭১

এ বোর্ডের আওতাধীন সকল জেএসসি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের জেএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জেএসসি নিবন্ধন কার্ড নিম্নবর্ণিত ছকে উল্লেখিত তারিখে কেন্দ্র সচিবগণ অথবা তাঁর পক্ষে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত মনোনীত প্রতিনিধিকে অত্র বোর্ডে হাজির হয়ে তাঁর কেন্দ্রের জেএসসি নিবন্ধন কার্ড সংগ্রহ করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে বিতরণের জন্য অনুরোধ করা হলো।

অবশ্য পালনীয় নির্দেশনাসমূহ :

- ১। নিবন্ধন কার্ড প্রাপ্তির পর বিদ্যালয়ে রক্ষিত শিক্ষার্থীদের নিবন্ধনের হার্ড কপি (Print Copy) এর সাথে যাচাই করতে হবে।
- ২। বিদ্যালয় কর্তৃপক্ষ কোন অবস্থায় নিবন্ধন কার্ড সংশোধন করতে পারবেন না।
- ৩। নিবন্ধন কার্ডে নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, ছবি, বিষয়, বিভাগ ও জেডারে কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে শিক্ষার্থী প্রতি ৬০০/- (ছয়শত) টাকা ফিস প্রদান করে ২৪/১২/২০১৯খ্রি: তারিখ অফিস সময়ের মধ্যে ভুল সংশোধন করা যাবে। তবে ছবি ভুল থাকলে তা অবশ্যই পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বদিনের মধ্যে সংশোধন করে নিতে হবে, অন্যথায় পরীক্ষা আরম্ভ হওয়ার পর কোন প্রকার ছবি সংশোধন/পরিবর্তন করা যাবে না এবং বিষয় ভুল থাকলে তা অবশ্যই পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বদিনের মধ্যে সংশোধন করে নিতে হবে।
- ৪। নির্ধারিত সময়ের মধ্যে ভুল সংশোধন না করলে তার সকল দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।
- ৫। নিবন্ধন কার্ড গ্রহণের পরে শিক্ষার্থীদের উপস্থিতিতে বিতরণ করতে হবে এবং নিবন্ধন কার্ডে নির্ধারিত স্থানে শিক্ষার্থীদের স্বাক্ষর নিতে হবে। তবে শিক্ষার্থী স্বাক্ষর করার পূর্বে নিবন্ধন কার্ডে উল্লেখিত সকল তথ্যের সঠিকতা এবং কোন ভুল থাকলে সে সম্পর্কে জ্ঞাত হয়ে শিক্ষার্থী স্বাক্ষর করবে।
- ৬। প্রধান শিক্ষক/অধ্যক্ষ নিবন্ধন কার্ডে নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। তবে তিনি নিবন্ধন কার্ডে উল্লেখিত সকল তথ্যের সঠিকতা, বিশেষ করে নামের বানান, জন্ম তারিখ, বিষয় ও বিষয় কোডের সঠিকতা যাচাই করে কোন প্রকার ভুল থাকলে তা রেজিস্টারে লিপিবদ্ধ করে সে সম্পর্কে নিশ্চিত হয়েই স্বাক্ষর করবেন। এ বিষয়ে তাঁকে অত্যন্ত সতর্ক থাকতে হবে।
- ৭। নিবন্ধন কার্ড গ্রহণের পরপরই শিক্ষার্থীদের সরবরাহ করতে হবে। কোন অবস্থাতেই অফিসে ফাইল বন্দী করে রাখা যাবে না।
- ৮। নিবন্ধন সংক্রান্ত কাজের জন্য বোর্ডে যাতায়াত বাবদ কোন টিএ/ডিএ বোর্ড কর্তৃপক্ষ প্রদান করবে না।

নিবন্ধন কার্ড বিতরণের তারিখ

ক্রমিক নং	জেলার নাম	বিতরণের তারিখ
১।	খুলনা, বাগেরহাট,	০৯-০৯-২০১৯
২।	কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর	১১-০৯-২০১৯
৩।	বিনাইদহ, মাগুরা, নড়াইল	১২-০৯-২০১৯
৪।	সাতক্ষীরা, যশোর	১৫-০৯-২০১৯

প্রাপক :

প্রধান শিক্ষক / অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন নং-০৪২১-৬৮৬৩৪

তারিখ: ০১-০৯-২০১৯ ইং

স্মারক সংখ্যা-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/৩৭১(৩৫০০)

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। জেলা প্রশাসক, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে পত্রটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৭। সংরক্ষণ নথি

উপ-বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।